



## শিহাব কেন এই নির্মমতার শিকার হলো?

গত ২রা এপ্রিল পত্রিকায় প্রকাশিত শিহাব হত্যাকাণ্ডের রিপোর্ট পড়ে গা শিউরে উঠে। ২০ লাখ টাকার লোভে এই রাজধানীতে এতবড় হত্যাকাণ্ড ঘটে গেল এবং এ ধরনের হৃদয়বিদারক ঘটনা ঘটেই চলেছে। এ থেকে আমাদের দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির মাত্রা বোঝা যায়। আইন-শৃঙ্খলার পরিস্থিতি দেখে মনে হচ্ছে এ দেশে কোন অভিভাবক ছেলেমেয়ে নিয়ে

নিশ্চিতে থাকতে পারবে না। নিষ্পাপ একটা শিশু কেন এই নির্মমতার শিকার হলো? বর্তমানে সন্তানকে ফুলে এবং কোচিং-এ পাঠিয়ে কোন ডরসা পাচ্ছি না। শিহাবের বাবা-মাকে সাঁজুনা দেয়ার মতো কোন ভাষা আমার জানা নেই। সন্তানের মৃত্যু শোক কোন সাক্ষ্যেই পূরণ হয় না। আমি একজন সন্তানের মা হয়ে এই রিপোর্ট পড়ে প্রচণ্ড কষ্ট পাচ্ছি যা ভাষায় প্রকাশ করার মতো নয়।

আমাদের দেশে মামলা কোর্টে এদিনের পর দিন বিচারার্থীন অবস্থায় খুলে থাকে। এ জন্য সন্ত্রাসীরা অপরাধ করে নিরাপদে থাকে। সন্তান যদি মেয়ে হয় তাহলে তাকে অপহরণ, ধর্ষণ না হয় এমিডের শিকার হতে হয়। সন্তান ছেলে হলে আরো বেশি সমস্যা। কোনোভাবেই একা ছেড়ে নিশ্চিতে থাকা যায় না। বাসায় না ফেরা পর্যন্ত অভিভাবকদের উষ্মিয়ে উৎকর্ষায় থাকতে হয়। শিহাবের কথা

মনে হলে প্রত্যেক অভিভাবকই নিজের সন্তানের কথা মনে করবে। এই দেশ মানুষের জীবনের কোনো নিরাপত্তা দিতে পারছে না। এই অপরাধীদের জনসম্মুখে বিচার করা হোক। দেশবাসী তা প্রত্যক্ষ করুক। মাননীয় প্রধানমন্ত্রীর কাছে আবেদন অবিলম্বে অপরাধীদের দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা নিন।

একজন অভিভাবিকা  
শাহীদা নাসরীন  
হাতিরপুল, ঢাকা।